



বিশ্বকাপ ঘিরে যুক্তরাষ্ট্রের বিরুদ্ধে ইরানের অভিযোগ



ছবি: সংগৃহীত

বিশ্বকাপে অংশ নিতে যুক্তরাষ্ট্রে অবস্থানসংক্রান্ত বিধিনিষেধ নিয়ে আপত্তি জানিয়েছে ইরান ফুটবল ফেডারেশন। বিষয়টিকে বৈষম্যমূলক উল্লেখ করে ফিফার কাছে আনুষ্ঠানিক অভিযোগ করার প্রস্তুতি নিচ্ছে তারা।

ইরানি ফেডারেশনের এক মুখপাত্র জানান, বিশ্বকাপের দ্বিতীয় ম্যাচকে সামনে রেখে দলটি আগেভাগে যুক্তরাষ্ট্রে গিয়ে প্রস্তুতি নিতে চেয়েছিল। তবে মার্কিন কর্তৃপক্ষ সে অনুমতি দেয়নি। ফলে ম্যাচের মাত্র এক দিন আগে সেখানে পৌঁছাতে হবে এবং খেলা শেষ হওয়ার পর দ্রুত দেশ ছাড়তে হবে।

ইরানের দাবি, এ ধরনের শর্ত খেলোয়াড় ও কোচিং স্টাফের প্রস্তুতিতে প্রভাব ফেলছে। তাদের মতে, অংশগ্রহণকারী সব দলের জন্য সমান সুযোগ নিশ্চিত করার নীতির সঙ্গে এ সিদ্ধান্ত সামঞ্জস্যপূর্ণ নয়।

দেশটির কর্মকর্তারা আরও বলেন, সীমিত সময়ের কারণে অনুশীলন, কৌশল নির্ধারণ এবং ম্যাচ-পূর্ব প্রস্তুতি পরিকল্পনা অনুযায়ী সম্পন্ন করা কঠিন হয়ে পড়ছে।

এ ঘটনায় ফিফার হস্তক্ষেপ কামনা করেছে ইরান ফুটবল ফেডারেশন। সংস্থাটির প্রতিক্রিয়ার অপেক্ষায় রয়েছে তারা।